**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 2 August 2025** **TIME: 7:35 AM**

---

নির্বাচন কমিশন আগামী ৯ ই সেপ্টেম্বর উপ রাষ্ট্রপতি নির্বাচন অনুষ্ঠিত হবে বলে ঘোষনা করেছে । কমিশন সূত্র জানানো হয়েছে যে এই নির্বাচনের জন্য আগামী ৭ ই আগষ্ট আনুষ্ঠানিকভাবে বিজ্ঞপ্তী জারি করা হবে । ২১ শে আগষ্টের মধ্যে মনোনয়নপত্র দাখিল করতে হবে ।লোকসভার ৫৪২ জন ও রাজ্যসভার ২৩৩ জন নির্বাচিত সাংসদ এই নির্বাচনে অংশ গ্রহণ করবেন ।

---

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা নিযুত মইনা প্রকল্পে এবার আসাম বিশ্ববিদ্যালয় ও তেজপুর বিশ্ববিদ্যালয়কে অর্ন্তভূক্ত করা হবে বলে জানিয়েছেন । এর পরিপ্রেক্ষিতে এই দুই শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা এবার থেকে নিযূত ম ইনা প্রকল্পের সুবিধা লাভ করবে । গতকাল ড: ভূপেন হাজারিকা জন্ম শতবার্ষিকী উদযাপনের অংশ হিসেবে একটি পোর্টেলের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী একথা জানান । ড: শর্মা পোর্টেল উদ্বোধনের পর সাংবাদিকদের জানান যে আগামী ৫ ই সেপ্টেম্বর খানাপারা পশু চিকিৎসা খেলার মাঠে ভুপেন হাজারিকার জন্ম শতবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে

বিকেল সাড়ে পাচটায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ।অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বেশ কয়েকটি ভাষায় লেখা একটি মুদ্রা ও প্রকাশ করবেন বলে মুখ্যমন্ত্রী জানান ।প্রধানমন্ত্রী এই সফরে দরং জেলার তিনটি প্রকল্পের উদ্ভোধন করা সহ গৌহাটী রিং রোডের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন বলে ও মুখ্যমন্ত্রী সাংবাদিকদের জানান ।

এদিকে আগামী ২৯ শে আগষ্ট কেন্দ্রীয় স্বরাষ্টমন্ত্রী অমিত শাহ আসাম সফরে এসে নতুন রাজভবনের উদ্বোধন করবেন বলে তিনি জানান ।

---

অরোণোদয় প্রকল্প সম্পর্কে ড: শর্মা জানান যে ১৭ ই সেপ্টেম্বর এই প্রকল্পের তৃতীয় সংস্করণের উদ্ভোধন করা হবে । প্রকল্পটির দ্বিতীয় সংস্করণে ২৮ লক্ষ হিতাধিকারী এর সুবিধা লাভ করেছিল । তৃতীয় সংস্করণে ৪০ লক্ষের ও বেশী হিতাধিকারী এই প্রকল্পের সুবিধা লাভ করবেন বলে উল্লেখ করে ড: শর্মা জানান অরোণোদয় হিতাধিকারীরা রন্ধন গ্যাসে ২২৫ টাকা করে রেহাই পাবে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বেনারসের বনউলি থেকে প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি’র কুড়িতম কিস্তি কৃষকদের মধ্যে সরাসরি ব্যাংক হস্তান্তরের মাধ্যমে বিতরণ করবেন । প্রধানমন্ত্রীর দ্বারা এই কিস্তি প্রদানের দিনটিকে ‘পি এম কিষাণ উৎসব’ হিসেবে পালন করা হবে। এ উপলক্ষ্যে শ্রীভুমি জেলার ৮ টি স্থানে সকাল সাড়ে দশটা থেকে প্রধান্মন্ত্রী নরেন্দ্র মোদীর পি এম কিষাণ যোজনার অনুষ্ঠানের সরাসরি সরাসরি সম্প্রচার করা হবে ।

---

সাম বিশ্ববিদ্যালয় এবং যোরহাটের টোকলাই চা গবেষণা কেন্দ্রের মধ্যে চা গবেষণার ওপর গুরুত্ব আরোপ করে যৌথভাবে কাজকর্মের জন্য এক চুক্তি স্বাক্ষরিত হয়েছে

। আসাম বিশ্ব বিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক রাজীব মোহন পন্থের উপস্থিতিতে গতকাল টোকলাই চা গবেষণা কেন্দ্রের সঞ্চালক ড.ভেংকটেসন সেলভারজ এবং আসাম বিশ্ববিদ্যালয়ের পঞ্জীয়ক ড.প্রদোষ কিরণ নাথ এই চুক্তিতে স্বাক্ষর করেন । অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক রাজীব মোহন পন্থ বলেন চা গবেষণার ক্ষেত্রে এটি যুগান্তকারী পদক্ষেপ । এই চুক্তি গবেষণার পরিসর বৃদ্ধি করবে এবং চায়ের উৎপাদন ও মান বৃদ্ধিতে সহায়ক হবে বলেও তিনি উল্লেখ করেন । এই চুক্তি অনুযায়ী আসাম বিশ্ববিদ্যালয়ের গবেষকরা এখন টোকলাই চা গবেষণা কেন্দ্রের পরীক্ষাগারে কাজ করার সুযোগ লাভ করবেন । এছাড়া যৌথ গবেষণা ক্ষেত্রের সৃষ্টি হবে এবং জাতীয় শিক্ষা নীতির অধীনে চা সম্পর্কীত বিভিন্ন কার্যসূচী ইন্টার্ণশিপ ,প্রশিক্ষণ ও দক্ষতা বিকাশের পাঠ্যক্রম আরম্ভ করা হবে । অন্যদিকে টোকলাইয়ের গবেষকদের নাম আসাম বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে পঞ্জীয়ন করা হবে

---

ধলাই-র বেসরকারী ক্রীড়া-সাংস্কৃতিক ও সামজিক সংগঠন মাতৃভূমির উদ্যোগে আজ থেকে স্থানীয় বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমূখী বিদ্যালয়ের খেলার মাঠে প্রাইজমানী নক আউট ফুটবল প্রতিযোগীতা শুরু হয়েছে । গতকালের উদ্বোধনী ম্যাচে রাজনগরের ব্রাইট স্টার ক্লাব ৩-১ গোলে মথুরাপুর এফ সি দলকে পরাজিত করে । আজকের উদ্বোধনী অনুষ্ঠানে বিজেপির কাছাড় জেলা কমিটির সভাপতি রূপম সাহা , বিধায়ক নীহার রঞ্জন দাস , জেলা সম্পাদক গোপাল কান্তি রায় , জেলা পরিষদ সদস্যা পম্পি নাথ চৌধুরী প্রমূখ উপস্থিত ছিলেন ।

---